"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

# জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (০৩য় সভা)

সভাপতি : জনাব প্রদীপ রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১১/০৭/২০২৪, বেলা- ১০:০০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা ক

অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত :** বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্ব<br>অফিসার, দির |
| (২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা : | উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত জুন/২০২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: | চেয়ারম্যান,<br>উপজেলা পরি<br>দিরাই/<br>উপজেলা নির্বা<br>অফিসার, দির |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১. | প্রারম্ভিক জের | ১২,০৪,৭১৭/৯২ | ১. | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুন/২৪ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২. | বাসা ভাড়া বাবদ প্রাপ্ত | ৮৭,৫৮৮/- | ২. | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের জুন/২৪ মাসের বেতন | ৩৩,০০০/- |
| ৩. | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৪,৩৮,৪৭০/৯১ | ৩. | উপজেলা পরিষদের জুন/২৪ মাসের আনুষঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| ৪. | -- | -- | ৪. | উপজেলা পরিষদের জুন/২৪ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| ৫. | -- | -- | ৫. | উপজেলা পরিষদের ০২জন কর্মচারির মে-জুন/২৪ সিপিএফ এর চাঁদা প্রদান | ৭,২৯৬/- |
| ৬. | | | ৬. | উপজেলা পরিষদের চেয়ারক্রয় বিল প্রদান | ২৪,৫০০/- |
| ৭. | | | ৭. | ২০২৪ সনের বন্যায় ক্ষতিগ্রস্থদেও ত্রাণ বিতরণের জন্য অপ্রত্যাশিত খাতের ব্যয় | ৪,০০,০০০/- |
| ৮. | | | ৮. | উপজেলা পরিষদের ২০২৩-২৪ সনের পৌর কর বাবদ ব্যয় | ৩,০০,০০০/- |
| ৯. | | | ৯. | উপজেলা পরিষদের ২০২৩-২৪ সনের ভূমি উন্নয়ন কর বাবদ ব্যয় | ১২,১৫০/- |
| ১০. | | | ১০. | উপজেলা পরিষদের ২০২৩-২৪ সনের পরিষদ অফিসের, প্রশাসনিক ভবনের, গণমিলনায়তনের এবং পানির পাম্পের বিদ্যুৎ বিল বাবদ | ২,৯৮,৩৪৯/- |
| ১১. | | | ১১. | উপজেলা পরিষদের সিনিয়র অফিসিয়াল | ১,৪০,০০০/- |



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | টেবিল ও বিকল্পিক চেয়ারক্রয়ের বিল প্রদান | |
| ১২. | | | ১২. | উপজেলা পরিষদের সৌর প্যানেল ক্রয় বাবদ ব্যয় | ২,০০,০০০/- |
| ১৩. | | | ১৩. | অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ০৪জনকে অনুদান প্রদান | ২০,০০০/- |
| ১৪. | | | ১৪. | উপজেলা পরিষদের মে ও জুন/২৪ পর্যন্ত সময়ের মডেম বিল বাবদ ব্যয় | ২,২০০/- |
| ১৫. | | | ১৫. | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের জুন/২০২৪ ভ্রমণ বিল প্রদান | ১১,২৫০/- |
| ১৬. | | | ১৬. | উপজেলা পরিষদের জীপ গাড়ির জুন/২৪ মাসের জ্বালানী বিল ব্যয় | ২০,৬৮০/- |
| ১৭. | | | ১৭. | উপজেলা পরিষদের ০২জন কর্মচারির জুলাই/২৩ হতে-জুন/২৪ পর্যন্ত সময়ে সিপিএফ এ জমাকৃত চাঁদার উপর সরকার নির্ধারিত হারে মুনাফা/সুদ প্রদান | ৮৩,৬৮২/- |
| ১৮. | | | ১৮. | চেক বই ইস্যু চার্জ | ৬০৮/- |
| | জুন/২৪ মাসের আয়- | ৫,২৬,০৫৮/৯১ | | জুন/২৪ মাসের মোট ব্যয়- | ১৬,৬৭,৯১৫/- |
| | সর্বমোট আয়- | ১৭,৩০,৭৭৬/৮৩ | | সর্বমোট ব্যয়- | ১৬,৬৭,৯১৫/- |
| সমাপনী স্থিতি- ৬২,৮৬১/৮৩ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্ কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান, উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ৫০০ জন কৃষকের মাঝে আমন ধানের প্রনোদনা দেওয়া হবে সেই লক্ষে কৃষকদের তালিকা প্রস্তুতকরা হচ্ছে। তালিকা প্রস্তুতের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে কাজ করছেন; তাদের সার্বিক সহযোগীতা করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান সারাদেশের ন্যায় এই উপজেলাতেও যথাযোগ্য মর্যাদায় আগামী- ৩০ জুলাই হতে ০৫ আগস্ট ২০২৪ তারিখে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত হতে যাচ্ছে। উক্ত জাতীয় মৎস্য সপ্তাহে উপস্থিত সকলকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরি দিরাই/ উপজেলা নির্বা অফিসার, দির |

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই অনুরোধ জানানো হয়। সেই সাথে আগামী- ৩০ জুলাই হতে ০৫ আগস্ট ২০২৪ জাতীয় মৎস্য সপ্তাহ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষে সকলকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। | সিনিয়র উপজে[illegible] মৎস্য কর্মকর্তা, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাইকে অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিব[illegible] পরিকল্পনা কর্ম[illegible] দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রমসহ সকল উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। এছাড়াও তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাইকে অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী, দির[illegible] |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান, বই রাখার জন্য কোন গুদাম না থাকায় প্রতিবছর বই আসলে একটি বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হয়। ইতোমধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে জানতে পারলাম গুদাম তৈরির জন্য জায়গা দিলে মন্ত্রণালয় হতে গুদামঘর তৈরি করে দিবে। সেই প্রেক্ষিতে উপজেলা শিক্ষা অফিসের সামনে উপজেলা পরিষদের মালিকানাধিন খালি জায়গাটি যদি বই রাখার গুদাম হিসেবে ব্যবহারের অনুমোতি দেন তাহলে উপজেলা প্রকৌশলী, দিরাই এর মাধমে জায়গাটি পরিমাপ করে প্রয়োজনীয় কাগজপত্রাধি প্রস্তুত করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাবনা প্রেরণ করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। সেই সাথে উপজেলা শিক্ষা অফিসের সামনে উপজেলা পরিষদের মালিকানাধিন খালি জায়গায় বই রাখার গুদাম নির্মাণের এবং ব্যবহারের অনুমোতি প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দিরাইকে অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরা[illegible] |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাইকে অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্য[illegible] শিক্ষা অফিসার দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই'কে অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিস[illegible] দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাইকে অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিস[illegible] দিরাই |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাইকে অনুরোধ জাননো হয়। | উপজেলা প্রক[illegible] বাস্তবায়ন অফিসার, দি[illegible] |

শেখ হাসিনার মূলনী
গ্রাম শহরের উ

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন সমবায় বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমবায়, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স<br>অফিসার, দি |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা ম<br>বিষয়ক অফি<br>দিরাই |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী<br>প্রকৌশলী<br>(জনস্বাস্থ্য), |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা<br>ফরেষ্টার/ডেপু<br>রেঞ্জার, দিরাই |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য<br>নিয়ন্ত্রক, দিরাই |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী<br>প্রকৌশলী,<br>বিএডিসি (সেচ<br>দিরাই |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাইকে অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপসহকারী<br>প্রকৌশলী ও শ<br>কর্মকর্তা, দিরা |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাইকে অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য জন্য তথ্যসেবা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | তথ্যসেবা কর্মক<br>তথ্য আপা প্রকল্প<br>(২য় পর্যায়),<br>তথ্যকেন্দ্র দিরাই |
| বিবিধ | (ক) মেয়র, দিরাই পৌরসভা সভায় জানান দিরাই পৌর শহরের বর্জ্য ফেলার নির্ধারিত কোন স্থান না থাকায় প্রতি দিনই পৌর শহর পরিচ্ছন্ন করে বর্জ্য গুলো ফেলার জন্য বিভিন্ন প্রকার সমস্যার সম্মুখিন হতে হয় পরিচ্ছন্ন কর্মীদের। তাই এর স্থায়ী সমাধানের লক্ষ্যে সরকারের ১নং খাস খতিয়ানের কোন জায়গা দিলে পৌর শহরের সকল বর্জ্য ফেলার জন্য একটি গার্বেজ নির্মাণ করা হবে পৌরসভা থেকে। বিষয়টি নিয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তরিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** পৌর শহরের বর্জ্য অপসারনের স্থায়ী সমাধানের লক্ষ্যে সরকারের ১নং খাস খতিয়ানের কোন জায়গা প্রদানের জন্য জেলা প্রশাসকের বরাবরে আবেদন করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, দিরাই পৌরসভাকে অনুরোধ জানানো হয়। | ময়র, দিরাই<br>পৌরসভা |
| | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান প্রতিটি ইউনিয়ন পরিষদের ওয়ার্ড ভিত্তিক উন্নয়ন প্রকল্প তালিকা তৈরি করার জন্য অনুরোধ জানান। প্রতিটি ইউনিয়নের সরকারি গোপাটের নাম দৈর্ঘ্য এবং প্রস্থের মাপ সহ উপজেলা পরিষদে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। সেই গোপাটগুলো উপজেলা প্রকৌশলী, দিরাই এর | চেয়ারম্যান,<br>উপজেলা পরি<br>দিরাই/ |

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | মাধ্যমে মাননীয় সংসদ সদস্যের সুপারিশের মাধ্যমে রাস্তাগুলোর আইডি তৈরি করে সাবমার্সেবল রাস্তা তৈরির ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান। সেই সাথে তিনি আরও জানান উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি দপ্তরের কর্মকর্তাগণ যদি কর্ম এলাকার বাহিরে যান তবে যেন চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অবহিত করে যাবার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান এবং প্রতিটি দপ্তরের কার্যক্রমের কার্যবিবরণী যেন মাননীয় সংসদ সদস্যের নিকট প্রেরণ করা হয় সেই জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধিন সকল কোয়াটারের নামে ৩২টি বকেয়া বিদ্যুৎ বিল বাবদ- ১৬,৯০,৮৭৭/- (ষোল লক্ষ নব্বই হাজার আটশত সাতাত্তর) টাকা প্রেরণ করা হয়েছে আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), দিরাই এর দপ্তর থেকে। তা অধিকতর যাচাই-বাছাই করা প্রয়োজন। উক্ত বকেয়া বিদ্যুৎ বিল অধিকতর যাচাই-বাছাই করার জন্য একটি কমিটি গঠন করা প্রয়োজন মর্মে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন। গঠিত কমিটি দাখিলকৃত বিলগুলো যাচাই-বাছাইকরে একটি প্রতিবেদন দাখিল করবেন মর্মে সভায় অনুরোধ জনান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধিন সকল কোয়াটারের নামে বকেয়া বিদ্যুৎ বিল যাচাই-বাছাই করার জন্য নিম্নলিখিত ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো। (১) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই- আহবায়ক, উপজেলা সমবায় অফিসার, দিরাই- সদস্য এবং উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), দিরাই- সদস্য। উক্ত কমিটি আগামী সভায় বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, দিরাই কর্তৃক দাখিলকৃত বিদ্যুৎ বিল অধিকতর যাচাই-বাছাই করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটি |
| | (ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত সৌর বিদ্যুৎ প্যানেল, আইপিএসটি নষ্ট হয়ে গছে। তাই দাপ্তরিক কাজ-কর্ম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য একটি সৌর বিদ্যুৎ স্থাপন করা প্রয়োজন। উক্ত কাজে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন খাত থেকে ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকা ব্যয়ে সৌর বিদ্যুৎ স্থাপনের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজ-কর্ম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য একটি সৌর বিদ্যুৎ স্থাপন করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন খাত থেকে- ১,৬৫,০০০/- (এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকা ব্যয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের ক্যাম্পাসটি ময়লা আবর্জনা হয়ে আছে; দ্রুত সকল ময়লা আবর্জনা ড্রেনগুলা পরিষ্কার করানো প্রয়োজন। উক্ত কাজটি করার জন্য প্রায়- ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে কাজের বিল পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের ক্যাম্পাসের সকল ময়লা আবর্জনা অপসারনের ব্যয়িত- ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে পরিশোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়িটি মেরামত কাজে- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা এবং টায়ারক্রয় বাবদ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকাসহ সর্বমোট-৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়িটি মেরামত কাজে- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা এবং টায়ারক্রয় বাবদ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকাসহ সর্বমোট-৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ছ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধিন ০২টি পুকুর ব্যবহারের উপযোগি করার জন্য পরিষ্কার-পরিচ্ছন্ন ও সংস্কার করা বাবদ- ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা এবং গাছের অপ্রয়োজনীয় ডাল কর্তন কাজে- ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা ব্যয় হয়েছে মর্মে সভায় জানান। কাজে ব্যয়িত সর্বমোট- ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধিন ০২টি পুকুর ব্যবহারের উপযোগি করার জন্য পরিষ্কার-পরিচ্ছন্ন ও সংস্কার করা এবং গাছের অপ্রয়োজনীয় ডাল কর্তন কাজে ব্যয়িত সর্বমোট- ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঞ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধিন ষ্টাফ কোয়াটারগুলোর অবস্থা খুবই জড়া-জির্ণ। তা মেরামত ও পুনসংস্কার করে বসবাসের উপযোগী করা প্রয়োজন। কাজেই প্রতিটি ভবন সরেজমিন পরিদর্শনকরে এবং বসবাসকারিদের সাথে আলাপ করে প্রতিটি ভবনের জন্য পৃথ পৃথ প্রাক্কলন প্রস্তুত করার জন্য, অভ্যান্তরিন সকল রাস্তা পাকাকরণ, বাউন্ডারি ওয়াল নির্মাণ এবং পরিষদের ক্যাম্পাসের পানি নিষ্কাশনের জন্য একটি মাস্টার প্লান করে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় নকশা এবং প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাইকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধিন ষ্টাফ কোয়াটারগুলোসরেজমিন পরিদর্শনকরে এবং বসবাসকারিদের সাথে আলাপ করে প্রতিটি ভবনের জন্য পৃথ পৃথ প্রাক্কলন প্রস্তুত করার জন্য, অভ্যান্তরিন সকল রাস্তা পাকাকরণ, বাউন্ডারি ওয়াল নির্মাণ এবং পরিষদের ক্যাম্পাসের পানি নিষ্কাশনের জন্য একটি মাস্টার প্লান করে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় নকশা এবং প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই'কে অনুরোধ জানানো হয়। উক্ত প্রাক্কলন সমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (ট) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধিন ডরমিটরী ভবনের সামনে এবং পিছনের খালি জায়গাতে মাটি ভরাট করা খুবই জরুরী। কাজেই জরুরী ভিত্তিতে ডরমিটরী ভবনের সামনে এবং পিছনে মাটি ভরাট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধিন মালিকানাধিন ডরমিটরী ভবনের সামনে এবং পিছনের খালি জায়গাতে জরুরী ভিত্তিতে মাটি ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |
| | (ঠ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০20 এর (ত) খাত হতে দৈনিক চুক্তি ভিত্তিতে একজন মালি ও একজন সুইপার নিয়োগের বিধান রয়েছে। বর্তমানে মালির পদটি শূন্য রয়েছে এবং সুইপার হিসেবে একজন কর্মরত আছেন। কাজেই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ত) খাত হতে সরকার কর্তৃক আরোপিত বিধি-বিধান সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন মালি নিয়োগের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ত) খাত হতে সরকার কর্তৃক আরোপিত বিধি-বিধান সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন মালি নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ড) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের জন্য ০১টি অফিস টেবিল ক্রয় করা বাবদ- ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা এবং ০১টি ১০এমএম গ্লাস ক্রয় বাবদ- ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের জন্য ০১টি অফিস টেবিল ক্রয় করা বাবদ- ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা এবং ০১টি ১০এমএম গ্লাস ক্রয় বাবদ- ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১.০৭.২০২৪

(প্রদীপ রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

...ক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৩৯(৫০) তারিখ ঃ ১১/০৭/২০২৪

...লিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
৬। মেয়র, দিরাই পৌরসভা
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
৮। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই
৯। চেয়ারম্যান------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

১১/০৭/২৪

(মোঃ মাহমুদুর রহমান খোন্দকার)
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০২। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৩। মেয়র, দিরাই পৌরসভা | ০৩। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ |
| ০৪। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই | ০৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৫। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই | ০৫। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৬। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই | ০৬। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৭। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই | ০৭। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৮। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই | ০৮। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ |
| ০৯। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই | |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০১। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই |
| ০২। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই | ০২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| ০৩। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই | ০৩। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই (কো-অপ্টকৃত কর্মকর্তা) |
| ০৪। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই | ০৪। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ০৫। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |
| | ০৭। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |
| | ০৮। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ১০। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |
| | ১১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দিরাই |
| | ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ |
| | ১৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ |



Scanned With Scanner App Lite